

(৫০০৮০)

তারবার্তা : বাংলাব্যাংক

দূরালোপনী : ৭১২৬১০১-২০

ফ্যাক্স নম্বর : ৭১১৪৭০৫

Website : www.bangladeshbank.org.bd

www.bangladesh-bank.org

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

আর্থিক প্রতিষ্ঠান

ও

বাজার বিভাগ

ডিএফআইএম সার্কুলার লেটার নম্বর : ০৯

তারিখ : ২২ চৈত্র, ১৪১৬ বাংলা
০৫ মার্চ, ২০১০ খ্রীঃ

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

**“ঘড়ির কাঁটা ১ ঘন্টা আগাইয়া দিয়া দিনের আলোর সংরক্ষণ সময়
(Day Light Saving Time) ব্যবস্থা প্রবর্তন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, সমন্বয়-২ শাখা এর ২৯/০৩/২০১০ তারিখের পত্র নং-২৭.৫২.০০৬.০২.০০.০০৩.২০০৮(১৮৯) সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে হুবহু পুনঃ মুদ্রণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শফিকুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৯৫৬

অতি-জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা

নং-২৭.০৫২.০০৬.০২.০০.০০৩.২০০৮(১৮৯)

তারিখ : ২৯/০৩/২০১০

**বিষয় : ঘড়ির কাঁটা ১ ঘন্টা আগাইয়া দিয়া দিনের আলোর সংরক্ষণ
সময় (Day Light Saving Time) ব্যবস্থা প্রবর্তন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ২২ মার্চ, ২০১০/০৮ চৈত্র, ১৪১৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে :

সিদ্ধান্ত :

১৮.১। ঘড়ির কাঁটা ১ ঘন্টা আগাইয়া দিয়া দিনের আলোর সংরক্ষণ সময় (Day Light Saving Time) ব্যবস্থা প্রবর্তনের প্রস্তাব অনুমোদন করা হইল না। বিদ্যমান সময় ব্যবস্থা বহাল থাকিবে।

১৮.২। ২৪ ডিসেম্বর ২০০৯ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের দিনের আলো সংরক্ষণ সময় ব্যবস্থা প্রবর্তন সংক্রান্ত সিদ্ধান্ত ক্রমিক ২৬.২ বাতিল করা হইল। মন্ত্রিপরিষদ বিভাগ এই সিদ্ধান্ত বাংলাদেশ গেজেটে প্রকাশের ব্যবস্থা করিবে।

০২। বর্ণিতব্যবস্থায়, সরকারের উপরোক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/=

(মোঃ আনোয়ারুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব (সম-২)

ফোন : ৯৫৫৯৮৩৮

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১. -----

৪৬. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।